যুগান্তর
DEC. 01 2001

# অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের ঋণ দেয়ার লক্ষ্যে শিক্ষা ফান্ড গঠিত

শুক্রবার ঢাকা আহ্ছানিয়া মিশন প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত এক অনাড়ম্বর অনুষ্ঠানে অসচ্ছল মেধাবী ছাত্রছাত্রীদের সুদমুক্ত শিক্ষা ঋণ প্রদানের লক্ষ্যে মাহনুর-লুৎফর রহমান শিক্ষা ফান্ড প্রতিষ্ঠার জন্য ঢাকা আহ্ছানিয়া মিশনের নির্বাহী পরিচালক কাজী রফিকুল আলমের হাতে বেগম মাহনুর রহমান চার লক্ষাধিক টাকার একটি চেক তুলে দেন। এই শিক্ষা ফান্ড থেকে ছাত্রছাত্রীদের বৃত্তিমূলক শিক্ষার জন্য 'করজে হাসানা' হিসাবে সুদমুক্ত ঋণ প্রদান করা হবে। ফান্ডের সুবিধাভোগীরা শিক্ষাগ্রহণ শেষে উপার্জনক্ষম হয়ে সহজ কিস্তিতে গৃহীত ঋণ পরিশোধ করবে।

উল্লেখ্য, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অবসরপ্রাপ্ত পরিচালক ও সার্ক অ্যাসোসিয়েশন বাংলাদেশের প্রেসিডেন্ট এম এল রহমান তার রচিত 'সার্ক ফ্যাক্টস অ্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট' পুস্তকের বিক্রয়লব্ধ অর্থ থেকে ওই ফান্ডে এই দান করেছেন। পারিবারিক সূত্র থেকে আরও অর্থ প্রদানের মাধ্যমে এই ফান্ড ১০ লাখ টাকায় উন্নীত করা হবে। সংবাদ বিজ্ঞপ্তি।